শান্তিগঞ্জ জামলাবাদ মহিলা মাদরাসার বার্ষিক ওয়াজ মাহফিল সম্পন্ন

কুরআন হাদীসের শিক্ষা ছাড়া

আলোকিত মানুষ গড়া সম্ভব নয়

শান্তিগঞ্জ প্রতিনিধি: বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও তরুণ মুফাসসিরে কুরআন মুফতী আশিকুর রহমান নোমানী বলেছেন, আমাদের জনসংখ্যার অর্ধেক হচ্ছেন নারী। দ্বীনি শিক্ষায় সুশিক্ষিত গোটা জাতি তথা মুসমিলম উম্মাহর সম্পদ। দ্বীনি শিক্ষায় শিক্ষিত একজন নারী একটি পরিবার থেকে শুরু সমাজে কুরআন হাদীসের সুমহান আলো ছড়িয়ে দিতে পারেন। তাই আমাদের মেয়েদেরকে দ্বীনি শিক্ষার পরিবেশ সৃষ্টি করতে হবে। তাদেরকে আদর্শবান সুনাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। এক্ষেত্রে মহিলা মাদরাসাগুলো অগ্রনী ভুমিকা পালন করছে। তাই সমাজের সবার উচিত মহিলা মাদরাসাগুলোতে পৃষ্টপোষকতা দেয়া। এর মাধ্যমে সকলের ইহকালিন সাফল্যের পাশাপাশি পরকালিন মুক্তির পথ প্রশ^স্ত হবে।
তিনি গতকাল রোববার সুনামগঞ্জ জেলার শান্তিগঞ্জ উপজেলার ঐতিহ্যবাহী জামলাবাদ খাদিজাতুল কুবরা (রা.) মহিলা মাদরাসার ৪র্থ বার্ষিক ওয়াজ ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে হিসেবে বয়ান পেশকালে উপরোক্ত কথা বলেন।
মাদরাসার মুহতামিম হযরত মাওলানা শায়খ আব্দুস শহীদ জামলাবাদীর সভাপতিত্বে এবং নির্বাহী মুহতামিম হাফিজ মাওলানা জিল্লুল হকের পরিচালনায় অনুষ্ঠিত ওয়াজ মাহফিলে বিশেষ অতিথি হিসেবে বয়ান পেশ করেন, মাওলানা মুহসিন আহমদ সাহেব জাদায়ে শায়খে কৌড়িয়া, মহিলা দ্বীনি শিক্ষা বোর্ড সুনামগঞ্জ এর নাযিমে ইমতেহান মাওলানা ইলিয়াস আহমদ, মুফাসসিরে কুরআন মুফতী নুরে আলম সিদ্দিকী কুমিল্লা, মুফতী মঞ্জুর রশীদ আমিনী সিলেট, নোয়াখালী বাজার জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা খাইরুল ইসলাম নোমানী, ভালকী জামে মসজিদ সিলেটের ইমাম ও খতিব মাওলানা আবু আইয়ুব আনসারী, মাওলানা আবুল হাসান চন্ডীপুরী ও মাওলানা রুহুল আমিন জামলাবাদী প্রমূখ। যুক্তরাজ্য প্রবাসী আব্দুর রকিবের ঐকান্তিক প্রচেষ্টায়

প্রতিষ্ঠিত মহিলা মাদরাসার বার্ষিক ওয়াজ মাহফিলে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জয়কলস ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান আব্দুল বাছিত সুজন, জামলাবাদ বায়তুল আমান জামে মসজিদের সেক্রেটারী হাজী আব্দুল মুকিত, ওমান প্রবাসী আব্দুল বাছিত, গ্রীস প্রবাসী একরাম হোসেন, যুব নেতা খিজির আহমদ, রুকনোজ্জামান পাবেল, সাংবাদিক এমজেএইচ জামিল, ৮নং ওয়ার্ডের নবনির্বাচিত মেম্বার সবুজ আহমদ শুভ ও যুব নেতা হাসনাত আহমদ ফয়সল প্রমূখ।